# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা

### সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৩ | ৪ |

সময় — ২ ঘন্টা ৩৫ মিনিট　　　　　　　　　　　　　　　　পূর্ণমান — ৫০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দিতে হবে।*

১.▶ বীজ ভীষণ অনুভূতিপ্রবণ। একটু অসতর্কতার জন্য বিপুল পরিমাণে বীজ নষ্ট হয়। কৃষকেরা তার নিজস্ব অভিজ্ঞতা অনুযায়ী বীজ সংরক্ষণ করেন। একটাই উদ্দেশ্য সামনের মৌসুমে যাতে সুস্থসবল বীজ বাজারে বিক্রি করতে পারেন। কিন্তু তবুও বীজের জীবনীশক্তি যাতে নষ্ট না হয় সেদিকে লক্ষ রেখেই বীজ সংরক্ষণের পদ্ধতির উদ্ভাবন হয়েছে।

ক. মাটি কাকে বলে? ১


খ. বীজের আর্দ্রতা পরীক্ষার সূত্রটি ব্যাখ্যা কর। ২

গ. বীজের জীবনীশক্তি বজায় রাখার পদ্ধতি উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়বস্তুর যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

২.▶



চিত্র-ক　　　　　　　　　　　　চিত্র-খ

https://teachingbd24.com

ক. প্লাংকটন কী? ১

খ. পুকুরে প্রাকৃতিক খাদ্য উপস্থিতির পরীক্ষা ব্যাখ্যা কর। ২

গ. চিত্র: ক ও খ এ উল্লিখিত প্রক্রিয়া বর্ণনা কর। ৩

ঘ. উপর্যুক্ত চিত্রের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৩.▶ অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে প্রাকৃতিকভাবে মাছের উৎপাদন আশঙ্কাজনকভাবে হ্রাস পেয়েছে। সেখানে কমে যাচ্ছে মাছের জীববৈচিত্র্যও। এর অন্যতম কারণ জলবায়ু পরিবর্তন।

ক. IPCC এর পূর্ণরূপ লেখো। ১

খ. কোরাল রীফ ধ্বংস হচ্ছে কেন? ব্যাখ্যা কর। ২

গ. জলাশয়ে মৎস্য উৎপাদনের প্রভাব উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩

ঘ. উল্লিখিত সমস্যা সমাধানে গৃহীতব্য কলাকৌশলের গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৪.▶ ফুলপুর উপজেলার কৃষি কর্মকর্তা জমি পরিদর্শনে গিয়ে দেখলেন কিছু পোকা ধানগাছের মাঝ ডগায় আক্রমণ করে, কিছু পোকা পাতা ছিদ্র করে খায় এবং কিছু পোকার গা থেকে দুর্গন্ধ বের হয়। এছাড়া তিনি ধানের জমিতে ছত্রাকজনিত ও ভাইরাসজনিত রোগ দেখতে পান।

ক. জিওল মাছ কী? ১

খ. আনারসের তেউড় ব্যাখ্যা কর। ২

Teachingbd24.com

গ. উদ্দীপকে উল্লিখিত পোকার আক্রমণের লক্ষণগুলো বর্ণনা কর। ৩

ঘ. উল্লিখিত রোগ ও পোকা থেকে ফসল রক্ষার পদ্ধতি বিশ্লেষণ কর। ৪

৫.▶ রিফাত বিদ্যালয়ের মাঠে পড়ে থাকা একটি গাছের লগ দেখে তা পরিমাপ করে দেখলেন। লগটির দৈর্ঘ্য ৬ মিটার, চিকন মাথার বেড় ১.৫০ মিটার, মাঝখানে বেড় ২.৭৫ মিটার এবং মোটা মাথার বেড় ৩.২ মিটার।

ক. গ্রোয়িং স্টক কী? ১

খ. CCA এর ব্যাখ্যা কর। ২

গ. রিফাতের পরিমাপকৃতক লগের ভলিউম নির্ণয় কর। ৩

ঘ. রিফাতের গৃহীত কার্যক্রমটি মূল্যায়ন কর। ৪

৬.▶




ক. বন কী? ১


খ. সামাজিক বনের উপকারিতা ব্যাখ্যা কর। ২

গ. মানচিত্রের A অবস্থানে অবস্থিত বনভূমির বর্ণনা দাও। ৩

https://teachingbd24.com

ঘ. দেশের অর্থনীতি স্বাবলম্বী করে গড়ে তুলতে চিত্রের B ও C চিহ্নিত অঞ্চলের অবদান মূল্যায়ন কর। ৪

৭. ▶



ক. পারিবারিক খামার কী? ১

খ. বাংলাদেশে পারিবারিকভাবে ছাগল পালন লাভজনক কেন? ব্যাখ্যা কর। ২

গ. চিত্রে উল্লিখিত কার্যক্রমগুলো বর্ণনা কর। ৩

ঘ. 'আত্মকর্মসংস্থান ও দারিদ্র্য দূরীকরণে চিত্রে উল্লিখিত কার্যক্রম যথেষ্ট সহায়ক'– বিশ্লেষণ কর। ৪

৮. ▶ বাপ্পি তার পুকুরে মাছ চাষের জন্য ২ কেজি পোনা ছাড়লেন। মাছগুলোকে তিনি নিয়মিত সম্পূরক খাদ্য প্রদান করতে লাগলেন। ৬ মাস পর তিনি পুকুর থেকে ৫৫ কেজি মাছ পেলেন। এ ৬ মাসে তিনি পুকুরে মোট ৮০ কেজি খাদ্য প্রয়োগ করেছিলেন।

ক. রেনসিডিটি কী? ১

খ. পশু-পাখির খাদ্য সংরক্ষণ প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২

গ. বাপ্পির পুকুরের FCR নির্ণয় কর। ৩

ঘ. বাপ্পির পুকুরে সম্পূরক খাদ্য প্রয়োগের যৌক্তিকতা যাচাই কর। ৪

Teachingbd24.com

# কৃষিশিক্ষা

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ২৫ মিনিট　　পূর্ণমান — ২৫　　বিষয় কোড: ১ ৩ ৪

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. নিচের কোনটি ডুবন্ত উদ্ভিদ?
ক) শুসনি শাক
খ) পানিফল
গ) আড়াইল
ঘ) নাজাস

২. কোনটি কচি অবস্থা থেকে শুরু করে পরিপূর্ণ পাকা অবস্থায় খাওয়া যাবে?
ক) লাউ　খ) বেগুন
গ) মিষ্টি কুমড়া　ঘ) ঢেঁড়স

৩. কম বৃষ্টির কারণে কোন উপাদান সরবরাহে চাষিকে অতিরিক্ত খরচ করতে হচ্ছে?
ক) সার　খ) পানি
গ) চুন　ঘ) খাদ্য

৪. কোনটির অভাব হলে একটি সংগঠনের মৃত্যু হয়?
ক) মূলধন
খ) স্বচ্ছতা ও জবাবদিহিতা
গ) উপযুক্ত পরিবেশ
ঘ) কৃষির আধুনিকায়ন

৫. ধান গাছ কী ধরনের মাটি পছন্দ করে?
ক) কাদা　খ) বেলে
গ) কংকর　ঘ) শক্ত

৬. পুকুরে ক্ষারীয় অবস্থা বেশি হলে কোনটি প্রয়োগ করতে হয়?
ক) চুন
খ) গোবর
গ) ইউরিয়া
ঘ) অ্যামোনিয়াম সালফেট

৭. গো-খাদ্য হিসাবে কোন ধরনের অ্যালজি ব্যবহার করা হয়?
ক) ক্লোরেলা
খ) স্পাইরোগাইরা
গ) নাভিকুলা
ঘ) ফাইটোপ্লাংকটন

৮. ৫ শতক শুকনা বীজতলায় বপনের জন্য কত কেজি পরিমাণ ধানের বীজ প্রয়োজন?
ক) ১২　খ) ১৫
গ) ২০　ঘ) ১৫

৯. কোনগুলো গাভির আঁশজাতীয় খাদ্য?
ক) গমের ভুসি, খড়
খ) হে-সাইলেজ
গ) চালের কুঁড়া, খৈল
ঘ) শস্যদানা, কাঁচা ঘাস

১০. নিচের কোনটি পাটের কচি ও বয়স্ক সব পাতাই খেয়ে ফেলে?
ক) বিছা পোকা　খ) উড়চুঙ্গা
গ) চেলে পোকা　ঘ) ঘোড়া পোকা

১১. ধান সংরক্ষণের সময় যেগুলো মিশিয়ে দিলে পোকার আক্রমণ হয় না তা হলো–
i. নিম পাতার গুঁড়া
ii. তেঁতুল পাতার গুঁড়া
iii. নিশিন্দা পাতার গুঁড়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১২. খামারের দৈনন্দিন খরচকে কী বলে?
ক) চলমান খরচ
খ) আবর্তক খরচ
গ) অবচয় খরচ
ঘ) স্থায়ী খরচ

১৩. কোন ফসল খরায় পতিত হলে পাতার উপর লিপিড জমা করে প্রস্বেদনের হার কমিয়ে দেয়?
ক) আলু　খ) পটল
গ) গো-মটর　ঘ) সয়াবিন

Teachingbd24.com
https://teachingbd24.com

১৪. তুলসি উদ্ভিদের ব্যবহৃত অংশ কোনটি?

ক পাতা　　খ মূল

গ ফুল　　ঘ কাণ্ড

১৫. হৃদরোগ আরোগ্য হয় কোন বৃক্ষের রস খেলে?

ক আমলকী

খ অর্জুন

গ বহেরা

ঘ ঘৃতকুমারী

১৬. নার্সারি বেড কত রকম হতে পারে?

ক ৫　　খ ৪

গ ৩　　ঘ ২

১৭. কলা চাষের জন্য কোনটি উত্তম?

ক অসি তেউড়

খ পানি তেউড়

গ মূলগ্রন্থি

ঘ কলার মোচা

**নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**

রাসেল মিয়ার জমি অধিক বৃষ্টিতে প্লাবিত হলেও কোনো প্রকার ক্ষতি হয় না। অথচ যতিন মিয়ার জমির মাটি কাদা ও ভারী প্রকৃতির হওয়ায় বৃষ্টিতে ভূমিক্ষয় হলে নিচের দিকে ধাবিত হয়।

১৮. রাসেল মিয়ার জমির মাটি কোন প্রকৃতির?

ক দোআঁশ

খ বেলে দো-আঁশ

গ এঁটেল

ঘ এঁটেল দো-আঁশ

১৯. যতিন মিয়ার জমির মাটি ক্ষয় হওয়ার কারণ হলো-

i. মাটির সচ্ছিদ্রতা কম

ii. পানি শোষণ ক্ষমতা কম

iii. পানি ধারণ ক্ষমতা কম

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　খ i ও iii

গ ii ও iii　　ঘ i, ii ও iii

২০. পাতার দিক পরিবর্তন করে খরা প্রতিরোধ করে-

i. চীনা বাদাম

ii. তুলা

iii. ফেলন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　খ i ও iii

গ ii ও iii　　ঘ i, ii ও iii

২১. অঙ্কুরোদগম কত দিনের মধ্যে হলে তাকে সংক্ষিপ্ত অঙ্কুরোদগমকাল বলে?

ক ২-৫　　খ ৩-৬

গ ৪-৭　　ঘ ৫-৮

২২. কোন কাজটি পুকুর প্রস্তুতির সময় করতে হয়?

ক পানি শোধন

খ সম্পূরক খাদ্য প্রয়োগ

গ পোনার প্রজাতি নির্ধারণ

ঘ পানির বিষাক্ততা পরীক্ষা

২৩. মিল্ক রিপ্লেসার কী ধরনের পশু খাদ্য?

ক দানাদার

খ ঘাস জাতীয়

গ শুকনো জাতীয়

ঘ তরল জাতীয়

২৪. উদ্ভিদ দেহে কখন ইথলিন এনজাইম উৎপাদন বৃদ্ধি পায়?

ক বন্যার সময়

খ বৃষ্টির সময়

গ খরার সময়

ঘ লবণাক্ততার সময়

২৫. বাংলাদেশে আনারসের কয়টি জাত দেখা যায়?

ক ৬　　খ ৫

গ ৪　　ঘ ৩

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ |
| | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | গ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | | |

https://teachingbd24.com